

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৮.১৮.৯৮

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পত্র নং-২১.০০.০০০০০.১৫৪.১৪.০৫৬.১৭-৬৩, তারিখ:

২১/০৬/২০২২ খ্রি:

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে ১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২২ মেয়াদে ৬৫৯৮০.০০ লক্ষ (ছয়শত ঊনষাট কোটি আশি লক্ষ) টাকা (সম্পূর্ণই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন” শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ৩০ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত সুপারিশের প্রেক্ষিতে জ্ঞাপন করছি:

#### সুপারিশ:

ক) প্রকল্পটির ডিপিপি এর প্রাক্কলন PWD Rate Schedule 2014 তানুযায়ী প্রণয়ন করা হয়েছে। ডিপিপি অনুমোদনের অব্যবহিত পরেই PWD Rate Schedule 2018 কার্যকর করা হয়। ফলে অনুমোদিত ডিপিপি’র প্রাক্কলন বাজার দরের সাথে অসংগতি পরিলক্ষিত হওয়ায় ডিপিপি’র কার্যক্রম চলমান রেখে PWD Rate Schedule 2018 অনুযায়ী ডিপিপি সংশোধন প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পের আওতায় ৩০টি ভবন নির্মাণ করা হবে। তন্মধ্যে ৪টি ভবন নির্মাণ কাজের কার্যাদেশ ৭/৮ মাস পূর্বে দেওয়া হলেও ঠিকাদারগণ এখনো রিসোর্স মোবাইলাইজেশন পূর্বক নির্মাণ কাজ শুরু করেনি। এপর্যায়ে সর্বশেষ PWD Rate Schedule অনুযায়ী দ্রুততম সময়ে ডিপিপি সংশোধন সম্পন্ন করে অবশিষ্ট প্যাকেজগুলোর কার্যক্রম গ্রহণ করতে হবে;

খ) আলোচ্য প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ৪টি, পূর্তকাজের ৪০টি এবং সেবা ক্রয়ের ৪টি প্যাকেজের কার্যক্রম অবশিষ্ট রয়েছে। প্রকল্পের সকল কাজ যথাসময়ে সম্পাদনের নিমিত্ত সংশোধিত সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা আইএমইডি’তে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

গ) প্রকল্পের আওতায় বাকবি- এর আশরাফুল হক হলের সংস্কার কাজে নিম্নমানের ট্যাপসহ অন্যান্য


হলগুলোতে (Halls) ব্যবহৃত নিম্নমানের ট্যাপগুলো পরিবর্তন করে অনুমোদিত ডিপিপি-এর ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ঘ) প্রকল্পটির অবশিষ্ট কাজ সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;

ঙ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এক অঞ্লের অর্থ অন্য অঞ্লে ব্যয় করা যাবে না এবং অজ্ঞাতসারে সংখ্যা/পরিমাণ ও ব্যয়ের কোন পরিবর্তন করা যাবে না; এবং

চ) প্রতিবেদনের সুপারিশ “ক” থেকে “ঙ” আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ৩০ জুন, ২০২২ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

...



৮-৮-২০২২

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫১০০৬১৪

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: [info@moedu.gov.bd](mailto:info@moedu.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৮.১৮.৯৮/১(১০)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯  
০৮ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা।
- ৬) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রকল্প পরিচালক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৮-৮-২০২২

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)